### বৈদিক শাস্ত্রে নিম্নলিখিত বারোটি রসের উল্লেখ

বৈদিক শাস্ত্রে নিম্নলিখিত বারোটি রসের উল্লেখ করা হয়েছেঃ ১) রৌদ্র, ২) অদ্ভুত, ৩) হাস্য, ৪) বীর, ৫) করুণ, ৬) বীভৎস, ৭) ভয়ানক, ৮) শান্ত, ৯) দাস্য, ১০) সখ্য, ১১) বাৎসল্য, এবং ১২) মাধুর্য। এই সমস্ত রসের সমন্বয়কে বলা হয় প্রেম।

প্রেমের মুখ্য লক্ষণগুলি হচ্ছে 1.শান্ত, 2.দাস্য, 3.সখ্য, 4. বাৎসল্য, 5.মাধুর্য । এই পাঁচটি রস যখন অনুপস্থিত থাকে, তখন প্রেম পরোক্ষভাবে হাস্য, অদ্ভুত, বীর, রৌদ্র, করুণ, ভয়ানক এবং বীভৎস রসের মাধ্যমে প্রকাশিত হয়।

তাই শ্রুতি মন্ত্রে ভগবানকে “রসো বৈ সঃ” অর্থাৎ সমস্ত রসের উৎস বলে বর্ণনা করা হয়েছে। যখন পরমেশ্বর ভগবানের সঙ্গে কারও স্বরূপগত রসের বিনিময় হয় তখনই কেবল যথার্থভাবে আনন্দ আস্বাদন হয়।

শ্রুতি মন্ত্রে বলা হয়েছে যে প্রতিটি জীবই তার স্বরূপে কোন বিশেষ রসে পরমেশ্বর ভগবানের সঙ্গে সম্পর্কযুক্ত। মুক্ত অবস্থাতেই কেবল জীবের স্বরূপগত রস পূর্ণরূপে অনুভূত হয়। জড় জগতে যে রস আস্বাদিত হয়ে থাকে তা প্রকৃত রসের বিকৃত প্রতিফলন এবং অনিত্য।

তাই যিনি এই সমস্ত রসগুলির সম্বন্ধে সম্পূর্ণভাবে অবগত হয়েছেন, যা হচ্ছে সমস্ত কার্যকলাপের মৌলিক অনুপ্রেরণা, তিনি বুঝতে পারেন কিভাবে প্রকৃত রসগুলি জড় জগতে বিকৃতভাবে প্রতিফলিত হচ্ছে। যারা যথার্থ তত্ত্বজ্ঞানী তাঁরা তাঁদের চিন্ময় স্বরূপে যথার্থ রস আস্বাদন করার প্রয়াস করেন।

Published on: Feb, 01 2023 09:24